নূ-রিল্ বাহিয়্যি ওয়াল্বায়া-নিল্ জালিয়্যি ওয়াল্লিসা-নিল ‘আরাবিয়্যি

যিনি উদ্ভাসিত নূর, সুস্পষ্ট বয়ান, প্রাঞ্জল আরবী ভাষী

وَالدِّيْنِ الْحَنَفِيِّ رَحْمَةٍ لِّلْعَالَمِيْنَ الْمُؤَيَّدِ

ওয়াদ্দী-নিল্ হানাফিয়্যি রাহ্মাতিল্ লিল্‘আ-লামী-নাল্ মুআইয়্যাদি

এবং সঠিক দ্বীনের ধারক; যিনি বিশ্ববাসীর জন্য রহমত,

بِالرُّوْحِ الْاَمِيْنِ وَالْكِتَابِ الْمُبِيْنِ وَخَاتَمِ النَّبِيِّيْنَ

বিরূরূ-হিল্ আমী-নি ওয়াল্ কিতা-বিল্ মুবী-নি ওয়া খা-তামিন্ নাবিয়্যী-না।

রূহুল আমিন (জিব্রাঈল) দ্বারা মদদপুষ্ট, সুস্পষ্ট কিতাব দ্বারা সাহায্যপ্রাপ্ত এবং সর্বশেষ নবী

وَرَحْمَةِ اللّٰهِ لِّلْعَالَمِيْنَ وَالْخَلَائِقِ اَجْمَعِيْنَ ـ

ওয়া রাহ্মাতিল্লা-হি লিল্‘আলা-মী-না ওয়াল্খালা-ইক্বি আজ্মা‘ঈ-ন।

ও সারা বিশ্ব এবং বিশ্ববাসীর জন্য রহমত।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى مَنْ خَلَقْتَهٗ مِنْ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- মান্ খালাক্বতাহূ- মিন্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো তাঁর প্রতি, যাঁকে তুমি সৃষ্টি করেছো

نُوْرِكَ وَجَعَلْتَ مِنْ كَلَامِكَ كَلَامَهٗ

নূ-রিকা ওয়া জা‘আল্তা মিন কালা-মিকা কালা-মাহূ-

তোমার পবিত্র নূর থেকে এবং যাঁর বাণীকে তোমার বাণী হিসেবে স্বীকৃতি দিয়েছো

وَفَضَّلْتَهٗ عَلٰى اَنْبِيَآئِكَ وَاَوْلِيَآئِكَ

ওয়া ফাদ্বদ্বাল্তাহূ- ‘আলা- আম্বিয়া-ইকা ওয়া আউলিয়া-ইকা

ও যাঁকে প্রাধান্য দিয়েছো সকল নবী ও ওলীগণের উপর।

وَجَعَلْتَ السِّعَايَةَ مِنْكَ اِلَيْهِ وَمِنْهُ اِلَيْهِمْ

ওয়া জা'আল্তাস্ সি'আয়াতা মিন্কা ইলায়হি ওয়া মিনহু ইলায়হিম্

আর তোমার নিকট থেকে তাঁর দিকে ধাবিত হওয়া এবং তাঁর নিকট থেকে তাঁদের দিকে ধাবিত হওয়াকে

كَمَالَ كُلِّ وَلِيِّ لَّكَ وَهَادِيْ كُلِّ مُضِلِّ عَنْكَ هَادِىَ الْخَلْقِ اِلٰى

কামা-লা কুল্লি ওয়ালিয়্যিল্ লাকা ওয়া হা-দী কুল্লি মুদ্বিল্লি 'আনকা হা-দিয়াল খাল্ক্বি ইলাল্

তোমার প্রত্যেক ওলীর পূর্ণতার পরিচায়ক এবং তোমার থেকে পথভ্রষ্ঠদেরকে হিদায়তের মাধ্যম হিসেবে

الْحَقِّ تَارِكَ الْاَشْيَاءِ لِاَجْلِكَ وَمَعْدِنَ

হাক্ব্ক্বি তা-রিকাল্ আশ্ইয়া-ই লিআজ্লিকা ওয়া মা'দিনাল্

সাব্যস্ত করে দিয়েছো, যিনি সৃষ্টিকে স্রষ্টার দিকে পথ প্রদর্শনকারী, সকল বস্তুকে তোমার জন্য পরিত্যাগকারী,

الْخَيْرَاتِ بِفَضْلِكَ وَخَاطَبْتَهٗ عَلٰى بِسَاطِ قُرْبِكَ

খায়রা-তি বিফাদ্বলিকা ওয়া খা-ত্বাব্তাহূ- 'আলা- বিসা-ত্বি ক্বুর্বিকা

তোমার অনুগ্রহ দ্বারা কল্যাণের খনি এবং যাঁকে তোমার নৈকট্যের গালিচায় এ বলে সম্বোধন করেছো-

وَكَانَ فَضْلُ اللّٰهِ عَلَيْكَ عَظِيْمًا o اَلْقَآئِمَ لَكَ فِيْ لَيْلِكَ

ওয়া কা-না ফাদ্বলুল্লা-হি 'আলায়কা 'আযী-মা- । আল্ক্বা-ইমা লাকা ফী- লায়লিকা

((নিশ্চয় আল্লাহ্ তা'আলার অনুগ্রহ আপনার উপর মহান ।)) আর যিনি তোমার জন্য রাতে জাগ্রত থেকে তোমার ইবাদত করেন

وَالصَّآئِمَ لَكَ فِيْ نَهَارِكَ وَالْهَامَّ بِكَ فِيْ جَلَالِكَ o

ওয়াস্সোয়া-ইমা লাকা ফী- নাহা-রিকা ওয়াল্হা-ম্মা বিকা ফী- জালা-লিক ।

এবং তোমার দিনে তোমার জন্য রোযা পালন করেন ও তোমার মহত্বের দিকে তোমার দ্বারা আগ্রহী ও ধাবিত হয় ।

ষষ্ঠ হিয্ব

[শনিবার পড়তে হবে]

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى نَبِيِّكَ الْخَلِيْفَةِ فِيْ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আ-লা নাবিয়্যিকাল্ খালী-ফাতি

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো তোমার ওই নবীর প্রতি, যিনি তোমার পক্ষ থেকে

خَلِيْقَتِكَ الْمُشْتَغِلِ بِذِكْرِكَ الْمُتَفَكِّرِ فِيْ خَلْقِكَ

ফী- খালী-ক্বাতিকাল্ মুশ্তাগিলি বিযিক্রিকাল মুতাফাক্কিরি ফী- খাল্ক্বিকা

তোমার সৃষ্টির নিকট প্রতিনিধি, তোমার যিক্রে মশগুল, তোমার সৃষ্টি নিয়ে চিন্তামগ্ন,

وَالْاَمِيْنِ لِسِرِّكَ وَالْبُرْهَانِ لِرُسُلِكَ

ওয়াল্ আমী-নি লিসির্রিকা ওয়াল্বুহর্হা-নি লিরুসুলিকাল্

তোমার রহস্যের আমানতদার, তোমার রাসূলগণের অকাট্য প্রমাণ,

اَلْحَاضِرِ فِيْ سَرَائِرِ قُدْسِكَ وَالْمُشَاهِدِ

হা-দ্বিরি ফী- সারা-ইরি কুদ্সিকা ওয়াল্ মুশা-হিদি

তোমার পবিত্রতার গোপন রহস্যাদিতে হাযির এবং তোমার মহত্বের সৌন্দর্য

لِجَمَالِ جَلَالِكَ سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدِ نِ

লিজামা-লি জালা-লিকা সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না মুহাম্মাদিনিল্

অবলোকনকারী আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফা,

الْـمُـفَسِّـرِ لِاٰيَـاتِكَ وَالـظَّـاهِرِ فِىْ مُلْكِكَ

মুফাস্সিরি লিআ-ইয়া-তিকা ওয়ায্যোয়া-হিরি ফী- মুল্কিকা

যিনি তোমার আয়াতসমূহের তাফসীরকারী, তোমার রাজ্যে যাহির (প্রকাশ্য),

وَالْـغَائِبِ فِىْ مَلَكُوْتِكَ وَالْمُتَخَلِّقِ بِصِفَاتِكَ

ওয়াল্গা-ইবি ফী- মালাকূ-তিকা ওয়াল্মুতাখাল্লিক্বি বিসিফা-তিকা

তোমার ঊর্ধ্বলোকে গায়ব (অদৃশ্য), তোমার গুণাবলীতে গুণান্বিত,

وَالدَّاعِىْ اِلٰى جَبَرُوْتِ الْحَضْرَةِ الرَّحْمَانِيَّةِ وَالْبُرْدَةِ الْجَلَالِيَّةِ

ওয়াদ্দা-'ঈ- ইলা- জাবারূ-তিল্ হাদ্বরাতির্ রাহ্মা-নিয়্যাতি ওয়াল্বুর্দাতিল্ জালা-লিয়্যাতি

তোমার রহমানী দরবারের প্রতাপের দিকে এবং মহত্ত্বের চাদর

وَالسَّـرَابِيْـلِ الْـجَـمَـالِيَّةِ وَالْعَرْشِ السَّقِيِّ وَالْحَبِيْبِ

ওয়াস্সারা-বী-লিল্ জামা-লিয়্যাতি ওয়াল্'আর্শিস্ সাক্বিয়্যি ওয়াল্ হাবী-বিন্

ও সৌন্দর্যের পোষাকের দিকে আহ্বানকারী, তৃষ্ণানিবারণকারী আরশ, অধিক প্রিয় নবী,

الـنَّبِىِّ وَالنُّوْرِ الْبَهِىِّ وَالدُّرِّ النَّقِىِّ والْمِصْبَاحِ الْقَوِىِّ ο

নাবিয়্যি ওয়ান্ নূ-রিল্ বাহিয়্যি ওয়াদ্দুর্রিন্ নাক্বিয়্যি ওয়াল্ মিস্বা-হিল্ ক্বাভিয়্যি ।

চমৎকৃত নূর এবং স্বচ্ছ-নির্মল মুক্তা ও শক্তিশালী প্রদীপ।

اَللّٰهُمَّ صَـلِّ وَسَلِّمْ عَلَيْهِ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলায়হি ওয়া 'আলা- আ-লিহী- ওয়া আস্হা-বিহী-

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো তাঁর প্রতি, তাঁর পবিত্র বংশধরের প্রতি এবং তাঁর সাহাবীগণের প্রতি,

كَـمَـا صَـلَّيْـتَ عَـلٰى اِبْـرَاهِيْـمَ وَعَـلٰى

কামা- সোয়াল্লায়তা 'আলা- ইবরা-হী-মা ওয়া 'আলা-

যেমনিভাবে তুমি দুরূদ প্রেরণ করেছো হযরত ইব্রাহীম আলায়হিস্ সালাম এবং হযরত

اٰلِ اِبْـرَاهِيْـمَ اِنَّكَ حَـمِيْـدٌ مَّـجِيْـدٌ ο

আ-লি ইব্রা-হী-মা ইন্নাকা হামী-দুম্ মাজী-দ।

ইবরাহীম আলায়হিস্ সালামের বংশধরের প্রতি, নিশ্চয় তুমি সর্বাধিক প্রশংসিত, মর্যাদাবান।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا وَنَبِيِّنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- ওয়া নাবিয়্যিনা- মুহাম্মাদিন্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা ও নবী হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি,

بَـحْـرِ اَنْـوَارِكَ وَمَـعْـدِنِ اَسْـرَارِكَ

বাহ্রি আন্ওয়া-রিকা ওয়া মা'দিনি আস্রা-রিকা

যিনি তোমার নূররাশির সমুদ্র, তোমার রহস্যাদির খনি

وَرُوْحِ اَرْوَاحِ عِبَادِكَ اَلدُّرَّةِ الْفَاخِرَةِ وَالرَّحْمَةِ السَّابِقَةِ

ওয়া রূ-হি আর্ওয়া-হি 'ইবা-দিকাদ্ দুর্রাতিল্ ফা-খিরাতি ওয়ার্রাহ্মাতিস্ সা-বিক্বাতি

এবং তোমার বান্দাদের রূহসমূহের রূহ, গৌরবময় মুক্তা, অগ্রগামী রহমত

وَالْعَبَقَةِ النَّافِحَةِ بُؤْبُؤِ الْمَوْجُوْدَاتِ وَحَاءِ الرَّحْمَاتِ

ওয়াল্ 'আবাক্বাতিন্ না-ফিহাতি বু'বুইল্ মাওজূ-দা-তি ওয়া হা-ইর্ রাহ্মা-তি

এবং সুরভিত সুবাস, সৃষ্টিজগতের মূল, রহমতরাজির 'হা',

وَجِيْمِ الدَّرجَاتِ وَسِيْنِ السَّعَادَاتِ وَنُوْنِ الْعِنَايَاتِ

ওয়া জী-মিদ্ দারাজা-তি ওয়া সী-নিস্ সা'আ-দা-তি ওয়া নূ-নিল্ 'ইনা-য়া-তি

মর্যাদাসমূহের 'জীম', সৌভাগ্যসমূহের 'সীন', অনুগ্রহরাজির 'নূন',

وَكَمَالِ الْكُلِّيَاتِ وَمَنْشَأَ الْاَزَلِيَّاتِ وَخَتْمِ الْاَبَدِيَّاتِ

ওয়া কামা-লিল্ কুল্লিয়্যা-তি ওয়া মান্শা-ইল্ আযাল্লিয়্যা-তি ওয়া খাত্মিল্

ব্যাপকতার পূর্ণতা, অনাদির উৎস এবং অনন্তের পরিসমাপ্তি।

الْمَشْغُوْلِ بِكَ عَنِ الْاَشْيَآءِ الدُّنْيَوِيَّاتِ

আবাদিয়্যা-তিল্ মাশ্গূ-লি বিকা 'আনিল্ আশ্ইয়া-ইদ্ দুন্ইয়াভিয়্যা-তিত্

যিনি তোমাকে নিয়ে ব্যস্ততার কারণে পৃথিবীর সকল বস্তুর প্রতি অনাগ্রহী বা

اَلطَّاعِمِ مِنْ ثَمَرَاتِ الْمُشَاهَدَاتِ اَلْمُسْقِىْ مِنْ

ত্বোয়া-'ইমি মিন্ সামারা-তিল্ মুশা-হাদা-তিল্ মুস্ক্বী মিন্

বিরত এবং যিনি ওই মুশাহাদার (প্রত্যক্ষকরণ) ফসলাদি দ্বারা পরিতৃপ্ত, যাতে পানি সেচন করা

اَسْرَارِ الْقُدُسِيَّاتِ اَلْعَالِمِ بِالْمَاضِىْ وَالْمُسْتَقْبَلَاتِ

আস্রা-রিল্ কুদ্সিয়্যা-তিল্ 'আ-লিমি বিল্ মা-দ্বী- ওয়াল্মুস্তাক্ববিলা-তি

হয়েছে পবিত্রতার রহস্যাদি দ্বারা, আর যিনি অতীত ও ভবিষ্যৎ সম্পর্কে জ্ঞাত

سَيِّدِنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

সাইয়্যিদিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া সাল্লামা

তথা আমাদের আক্বা ও মাওলা হযরত মুহাম্মদ মোস্তফা, আল্লাহ্ তা'আলা দুরুদ প্রেরণ করুন তাঁর

وَعَلٰى اٰلِهِ الْاَخْيَارِ وَاَصْحَابِهِ الْاَبْرَارِ

ওয়া 'আলা- আ-লিহিল্ আখ্ইয়া-রি ওয়া আস্হা-বিহিল্ আব্রা-র।

প্রতি এবং তাঁর সর্বোত্তম বংশধর ও পুণ্যবান সাহাবীগণের প্রতিও।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى رُوْحِ سَيِّدِنَا مُحَمَّدٍ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- রূ-হি সাইয়্যেদিনা- মুহাম্মাদিন্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার রূহ মুবারকের প্রতি,

فِى الْاَرْوَاحِ وَعَلٰى جَسَدِهٖ فِى الْاَجْسَادِ

ফিল আরওয়া-হি ওয়া 'আলা- জাসাদিহী- ফিল্ আজ্সা-দি

রূহগুলোর মধ্যে, দেহ মুবারকের উপর দেহগুলোর মধ্যে,

وَعَلٰى قَبْرِهٖ فِى الْقُبُوْرِ وَعَلٰى اِسْمِهٖ فِى

ওয়া 'আলা- ক্বাবরিহী- ফিল্ ক্বুবূ-রি ওয়া 'আলা- ইসমিহী- ফিল

তাঁর মাযারে পাকের উপর মাযারসমূহের মধ্যে, তাঁর নাম মুবারকের প্রতি

الْاَسْمَاءِ وَعَلٰى قَلْبِهٖ فِى الْقُلُوْبِ وَعَلٰى مَنْظَرِهٖ

আস্মা-ই ওয়া 'আলা- ক্বাল্বিহী- ফিল্ ক্বুলূ-বি ওয়া 'আলা- মান্যোয়ারিহী-

নামগুলোর মধ্যে, তাঁর ক্বলব মুবারকের প্রতি ক্বলবগুলোর মধ্যে, তাঁর দৃশ্য মুবারকের প্রতি

فِى الْمَنَاظِرِ وَعَلٰى سَمْعِهٖ فِى الْمَسَامِعِ وَعَلٰى

ফিল্ মানা-যিরি ওয়া 'আলা- সাম্'ইহী- ফিল্ মাসা-মি'ই ওয়া 'আলা-

দৃশ্যগুলোর মধ্যে, তাঁর শ্রবণ মুবারকের প্রতি শ্রবণগুলোর মধ্যে, তাঁর পবিত্র

حَرَكَتِهٖ فِى الْحَرَكَاتِ وَعَلٰى سُكُوْنِهٖ فِى

হারাকাতিহী- ফিল্ হারাকা-তি ওয়া 'আলা- সুকূ-নিহী- ফিস্

চাল-চলনের প্রতি ও নড়াচড়ার প্রতি নড়াচড়াগুলোর মধ্যে, তাঁর পবিত্র

السَّكَنَاتِ وَعَلٰى قُعُوْدِهٖ فِى الْقُعُوْدَاتِ وَعَلٰى

সাকানা-তি ওয়া 'আলা- ক্বু'ঊ-দিহী- ফিল্ ক্বু'ঊ-দা-তি ওয়া 'আলা-

স্থিরতার প্রতি স্থিরতাগুলোর মধ্যে, তাঁর পবিত্র উপবেশনের প্রতি উপবেশনগুলোর মধ্যে,

قِيَامِهٖ فِى الْقِيَامَاتِ وَعَلٰى لِسَانِهٖ

ক্বিয়া-মিহী- ফিল্ ক্বিয়া-মা-তি ওয়া 'আলা- লিসা-নিহি-

তাঁর পবিত্র দাঁড়ানোর প্রতি দাঁড়ানোগুলোর মধ্যে এবং তাঁর চিরন্তন

الْبَشَّاشِ الْاَزَلِىِّ وَالْخَتْمِ الْاَبَدِىِّ

বাশ্শা-শিল্ আযালিয়্যি ওয়াল্ খাত্মিল্ আবাদিয়্যি।

হাস্যোজ্জ্বল ভাষা ও চিরস্থায়ী মোহরে নুবূয়তের উপর।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيْهِ وَعَلٰى اٰلِهٖ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলায়হি ওয়া 'আলা- 'আ-লিহী-

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো তাঁর প্রতি এবং তাঁর পবিত্র বংশধর

وَاَصْحَابِهٖ عَدَدَ مَا عَلِمْتَ وَمِلْأَ مَا عَلِمْتَ

ওয়া আস্হা-বিহী- 'আদাদা মা- 'আলিম্তা ওয়া মিল্'আ মা- 'আলিম্তা।

ও তাঁর সাহাবীগণের প্রতি, যে পরিমাণ তোমার জ্ঞাত ও তোমার জ্ঞানের ব্যাপ্তি বিষয়ের সংখ্যানুসারে।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِ نِ الَّذِىْ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিনি ল্লাযী

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, যাঁকে

اَعْطَيْتَهٗ وَفَضَّلْتَهٗ وَكَرَّمْتَهٗ وَنَصَرْتَهٗ وَاَعَنْتَهٗ

আ'ত্বোয়ায়তাহূ- ওয়া ফাদ্বদ্বাল্তাহূ- ওয়াকার্রাম্তাহূ- ওয়া নাসোয়ারতাহূ- ওয়া আ'আন্তাহূ-

দান করেছো, অনুগ্রহ করেছো, সম্মানিত করেছো, সাহায্য করেছো, সহায়তা দিয়েছো,

وَقَرَّبْتَهٗ وَاَدْنَيْتَهٗ وَسَقَيْتَهٗ وَمَكَّنْتَهٗ وَمَلَئْتَهٗ

ওয়া ক্বার্রাব্তাহূ- ওয়া আদ্নায়তাহূ- ওয়া সাক্বায়তাহূ- ওয়া মাক্কানতাহূ- ওয়া মাআল্তাহূ-

নৈকট্য দিয়েছো, সান্নিধ্য দান করেছো, পান করিয়েছো, ক্ষমতা প্রদান করেছো, পরিপূর্ণ

بِعِلْمِكَ الْاَنْفُسِ وَبَسَطْتَهٗ بِحُبِّكَ الْاَطْوَسِ

বি'ইল্মিকাল্ আন্ফুসি ওয়া বাসাত্বতাহূ- বিহুব্বিকাল্ আত্বওয়াসি

করেছো, তোমার উৎকৃষ্ট জ্ঞানে পরিপূর্ণ করে দিয়েছো, তাঁকে প্রসারিত করেছো, তোমার সজ্জিত

وَزَيَّنْتَهٗ بِقَوْلِكَ الْاَقْبَسِ فَخْرِ الْاَفْلَاكِ

ওয়া যাইয়্যান্তাহূ- বিক্বাওলিকাল্ আক্ববাসি ফাখ্রিল্ আফ্লা-কি

ভালবাসা দ্বারা এবং তাঁকে শোভামন্ডিত করেছো তোমার নির্বাচিত বাণী দ্বারা।

وَعَذْبِ خُلُقِ الْاَخْلَاقِ وَنُوْرِكَ الْمُبِيْنِ

ওয়া 'আয্বি খুলুক্বিল্ আখ্লা-ক্বি ওয়া নূ-রিকাল্ মুবী-নি

যিনি গগণরাজির গর্ব, সৃষ্টির চরিত্রের মিষ্টতা এবং তোমার সুস্পষ্ট নূর,

وَعَبْدِكَ الْقَدِيْمِ وَحَبْلِكَ الْمَتِيْنِ وَحِصْنِكَ الْحَصِيْنِ

ওয়া 'আব্দিকাল্ ক্বাদী-মি ওয়া হাব্লিকাল্ মাতী-নি ওয়া হিস্নিকাল্ হাসী-নি

তোমার প্রবীণ বান্দা, তোমার দৃঢ় রজ্জু, তোমার সুরক্ষিত দূর্গ,

وَجَلَالِكَ الْحَكِيْمِ وَجَمَالِكَ الْكَرِيْمِ سَيِّدِنَا

ওয়া জালা-লিকাল্ হাকী-মি ওয়া জামা-লিকাল্ কারী-মি সাইয়্যিদিনা-

তোমার প্রজ্ঞাময় মহত্ব ও তোমার সম্মানিত সৌন্দর্য, আমাদের আক্বা ও

وَمَوْلٰنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلٰى

ওয়া মাওলা-না মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু 'আলায়হি ওয়া সাল্লামা ওয়া 'আলা-

মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি দুরূদ ও সালাম প্রেরণ করুন এবং

اٰلِهٖ وَاَصْحَابِهٖ مَصَابِيْحِ الْهُدٰى وَقَنَادِيْلِ

আ-লিহী- ওয়া আস্হা-বিহী- মাসোয়া-বী-হিল্ হুদা- ওয়া ক্বানা-দী-লিল্

তাঁর পবিত্র বংশধর ও সাহাবীগণের প্রতি, যাঁরা হিদায়তের প্রদীপ, সৃষ্টি ও

الْوُجُوْدِ وَاَهْلِ الشُّهُوْدِ وَكَمَالِ السُّعُوْدِ

ওজূ-দি ওয়া আহ্লিশ্ শুহূ-দি ওয়া কামা-লিস্ সু'উ-দিল্

দর্শন প্রার্থীদের আলোকবর্তিকা এবং ওই পূর্ণ সৌভাগ্যবান,

اَلْمُطَهَّرِيْنَ مِنَ الْعُيُوْبِ اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ

মুত্বোয়াহ্হারী-না মিনাল্ 'উয়ূ-ব। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম

যাঁরা সকল প্রকার দোষ-ত্রুটি থেকে পবিত্র। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো, তাঁর প্রতি

عَلَيْهِ صَلٰوةً تُحِلُّ بِهَا الْعُقَدَ وَرِيْحًا تَفُكُّ بِهَا

'আলায়হি সোয়ালা-তান্ তুহিল্লু বিহাল্ 'উক্বাদা ওয়া রী-হান্ তাফুক্কু বিহাল্

এমন দুরূদ ও সালাম, যা দ্বারা তুমি খুলে দেবে জটসমূহ, প্রবাহিত কর এমন বায়ূ,

الْكُرَبَ وَتَرَحُّمًا تُزِيْلُ بِهَا الْعُطَبَ

কুরাবা ওয়া তারাহ্হুমান্ তুযী-লু বিহার্ 'উত্বোয়াবা

যা দ্বারা দূরীভূত করবে সকল প্রকার বালা-মুসীবত, নাযিল করো এমন রহমত, যা দ্বারা

وَتَكْرِيْمًا تَقْضِيْ بِهَا الْاَرَبَ

ওয়া তাক্রী-মান্ তাক্বদ্বী- বিহাল্ উরাবা

অপসারণ করবে ক্ষতি-ধ্বংস এবং দান করো এমন সম্মান, যা দ্বারা তুমি পূরণ করে দেবে সকল

يَارَبُّ يَااَللّٰهُ يَاحَيُّ يَاقَيُّوْمُ يَاذَاالْجَلَالِ وَالْاِكْرَامِ

ইয়া- রাব্বু ইয়া- আল্লা-হু ইয়া- হাইয়ু্য ইয়া- ক্বাইয়্যুমু ইয়া- যাল্জালা-লি ওয়াল্ ইক্রা-মি

আশা। হে রব! হে আল্লাহ্, হে চিরঞ্জীব, হে সাধিষ্ঠ! হে পরম মহত্ব ও সম্মানের

نَسْئَلُكَ ذٰلِكَ مِنْ فَضَآئِلِ لُطْفِكَ وَمِنْ

নাস্'আলুকা যা-লিকা মিন্ ফাদ্বোয়া-ইলি লুত্বফিকা ওয়া মিন্

মালিক! আমরা তোমার নিকট উপরোক্ত বিষয়াদি প্রার্থনা করছি, অনুরূপ প্রার্থনা করছি

غَرَآئِبِ فَضْلِكَ يَاكَرِيْمُ يَارَحِيْمُ

গারা-ইবি ফাদ্বলিকা ইয়া- কারী-মু ইয়া- রাহী-মু।

সম্মানপূর্ণ তোমার অনুগ্রহ এবং তোমার বিরল করুণা। হে পরম দয়ালু, হে পরম করুণাময়।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى عَبْدِكَ وَنَبِيِّكَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- ‘আব্দিকা ওয়া নাবিয়্যিকা

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো তোমার প্রিয় বান্দা, তোমার নবী ও

وَرَسُوْلِكَ سَيِّدِنَا وَنَبِيِّنَا مُحَمَّدِ ۣالنَّبِيِّ الْاُمِّيِّ

ওয়া রাসূ-লিকা সাইয়্যিদিনা- ওয়া নাবিয়্যিনা- মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল উম্মিয়্যি

রাসূল, আমাদের আক্বা ও নবী হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, যিনি উম্মী (আসলী) নবী

وَالرَّسُوْلِ الْعَرَبِيِّ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ وَاَزْوَاجِهٖ وَذُرِّيَّاتِهٖ

ওয়ার্ রাসূ-লিল্ ‘আরাবিয়্যি ওয়া ‘আলা- আ-লিহী- ওয়া আস্হা-বিহী- ওয়া আয্ওয়া-জিহী- ওয়া যুর্রিয়া-তিহী-

এবং আরবী রাসূল, অনুরূপ তাঁর পবিত্র বংশধর, সাহাবীগণ, স্ত্রীবর্গ, পরিবার-পরিজন

وَاَهْلِ بَيْتِهٖ صَلٰوةً تَكُوْنُ لَكَ رِضًى وَلِحَقِّهٖ اَدَاءً وَّ اٰتِهِ

ওয়া আহ্লি বায়তিহী- সোয়ালা-তান্ তাকূ-নু লাকা রিদ্বান্ ওয়া লিহাক্বক্বিহী- আদা-আওঁ ওয়া আ-তিহিল

এবং আহলে বায়তের প্রতি এমন দুরূদ, যা হবে তোমার সন্তুষ্টি এবং তাঁর হক্ব আদায়।

الْوَسِيْلَةَ وَالْفَضِيْلَةَ وَالشَّرَفَ وَالدَّرَجَةَ الْعَالِيَةَ الرَّفِيْعَةَ

ওয়াসী-লাতা ওয়াল্ ফাদ্বী-লাতা ওয়াশ্শারাফা ওয়াদ্দারাজাতাল্ ‘আ-লিয়াতার্ রাফী-‘আতা

আর তাঁকে দান করো ওসীলা, মর্যাদা, আভিজাত্য, সম্মানিত উচ্চস্থান এবং

وَابْعَثْهُ الْمَقَامَ الْمَحْمُوْدَ الَّذِىْ وَعَدْتَّهٗ يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ ٥

ওয়াব্‘আসহুল মাক্বা-মাল্ মাহ্মূ-দা ল্লাযী- ওয়া‘আত্তাহূ- ইয়া- আর্হামার্ রা-হিমী-ন।

দান করো তাঁকে প্রশংসিত স্থান, যার প্রতিশ্রুতি তুমি তাঁকে দিয়েছো হে সর্বাধিক দয়ালু, করুণাময়।

اَلْحِزْبُ السَّابِعُ يُقْرَأُ فِىْ يَوْمِ الْاَحَدِ

সপ্তম হিযব

[রবিবারে পড়তে হবে]

اَللّٰهُمَّ اِنَّا نَتَوَسَّلُ بِكَ وَنَسْئَلُكَ

আল্লা-হুম্মা ইন্না- নাতাওয়াস্সালু বিকা ওয়া নাস্আলুকা

হে আল্লাহ! তোমাকে আমরা ওসীলাহ গ্রহণ করছি এবং তোমার নিকট প্রার্থনা করছি

وَنَتَوَجَّهُ اِلَيْكَ بِكِتَابِكَ الْعَزِيْزِ وَنَبِيِّكَ

ওয়া নাতাওয়াজ্জাহু- ইলায়কা বিকিতা-বিকাল্ ‘আযী-যি ওয়া নাবিয়্যিকাল্

আর তোমার মর্যাদাবান কিতাব এবং তোমার সম্মানিত নবী সায়্যিদুনা মুহাম্মদ মোস্তফা

الْكَرِيْمِ سَيِّدِنَا مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

কারী-মি সাইয়্যিদিনা- মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু ‘আলায়হি ওয়া সাল্লামা

সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লাম-এর মাধ্যমে তোমার প্রতি মনোনিবেশ করছি।

وَبِشَرَفِهِ الْمَجِيْدِ وَبِاَبَوَيْهِ اِبْرَاهِيْمَ وَاِسْمَاعِيْلَ

ওয়া বিশারাফিহিল্ মাজী-দি ওয়া বিআবাওয়ায়হি ইব্রা-হী-মা ওয়া ইস্মা-‘ঈ-লা

অনুরূপ ওসীলাহ গ্রহণ করছি-তাঁর গৌরবময় আভিজাত্য, তাঁর উভয় পিতামহ (পূর্বপুরুষ) হযরত ইবরাহীম ও হযরত ইসমাঈল

وَبِصَاحِبَيْهِ اَبِىْ بَكْرٍ وَّعُمَرَ وَذِى النُّوْرَيْنِ

ওয়া বিসোয়া-হিবায়হি আবী- বাক্রিওঁ ওয়া ‘উমারা ওয়া যিন্ নূ-রায়নি

আলায়হিমাস্ সালাম, তাঁর সাথী হযরত আবু বকর, হযরত ওমর ও হযরত ওসমান যুন নুরাইন,

عُثْمَانَ وَاٰلِهٖ فَاطِمَةَ وَعَلِيٍّ وَوَلَدَيْهِمَا

‘উস্‌মা-না ওয়া আ-লিহী- ফা-ত্বিমাতা ওয়া ‘আলিয়্যিন্ ওয়া ওয়ালাদায়হিমা-ল্

রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুম, তাঁর পবিত্র বংশধর হযরত ফাতিমা ও হযরত আলী এবং তাঁদের উভয়পুত্র

الْحَسَنِ وَالْحُسَيْنِ وَعَمِّيْهِ حَمْزَةَ

হাসানি ওয়াল্ হুসায়নি ওয়া ‘আম্মায়হি হাম্‌যাতা

হযরত ইমাম হাসান ও হযরত ইমাম হোসাইন রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুম, তাঁর চাচা হযরত হামযা ও

وَالْعَبَّاسِ وَزَوْجَتَيْهِ خَدِيْجَةَ وَعَآئِشَةَ

ওয়াল্‘আব্বা-সি ওয়া যাওজাতায়হি খাদী-জাতা ওয়া ‘আ-ইশাহ্।

হযরত আব্বাস এবং তাঁর স্ত্রী হযরত খাদীজা ও হযরত আয়েশা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহুম।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَيْهِ وَعَلٰى اَبَوَيْهِ اِبْرَاهِيْمَ

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলায়হি ওয়া ‘আলা- আবাওয়াইহি ইব্‌রা-হী-মা

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো তাঁর প্রতি তাঁর উভয় পিতা হযরত ইবরাহীম ও

وَاِسْمَاعِيْلَ وَعَلٰى كُلِّ اٰلٍ وَّكُلِّ صَحْبٍ

ওয়া ইস্‌মা-‘ঈ-লা ওয়া ‘আলা- কুল্লি আ-লিন্ ওয়া কুল্লি সাহ্‌বিন

হযরত ইসমাঈল এবং তাঁর সকল পবিত্র বংশধর, সকল সাহাবী ও তাঁর সাথে সম্পর্কিত সকলের

صَلٰوةً يُتَرْجِمُهَا لِسَانُ الْاَزَلِ فِيْ رِيَاضِ الْمَلَكُوْتِ

সোয়ালা-তান্ ইয়ুতারজিমুহা- লিসা-নুল্ আযালি ফী- রিয়া-দ্বিল্ মালাকূ-তি

প্রতি এমন সালাত, যার অনুবাদক হবে অনাদি ভাষা, মালাকূতি (উর্ধ্বজগত) বাগানে

وَعَلِيِّ الْمَقَامَاتِ فِيْ نَيْلِ الْكَرَامَاتِ وَرَفْعِ الدَّرَجَاتِ

ওয়া ‘আলিয়্যিল্ মাক্বা-মা-তি ফী- নায়লিল্ কারা-মা-তি ওয়া রাফ্‘ইদ্ দারাজা-তি

ও সর্বোচ্চ স্থানে, সম্মান লাভ ও মর্যাদায় উন্নীত হবার ক্ষেত্রে, যার ঘোষণা করবে

يَنْعِقُ بِهَا لِسَانُ الْاَبَدِ فِيْ حَضِيْضِ النَّاسُوْتِ بِغُفْرَانِ الذُّنُوْبِ

ইয়ান‘ঈক্বু বিহা- লিসা-নুল্ আবাদি ফী- হাদ্বী-দ্বিন্ না-সূ-তি বিগুফ্‌রা-নিয্ যুনূ-বি

অনন্ত ভাষা নাসূতের (মানব জগত) পাহাড় থেকে, পাপরাশি মার্জনা,

وَكَشْفِ الْكُرُوْبِ وَدَفْعِ الْمُهِمَّاتِ كَمَا هُوَ

ওয়া কাশ্‌ফিল্ কুরূ-বি ওয়া দাফ্‘ইল্ মুহিম্মা-তি কামা- হুয়া

বালা-মুসীবত অপসারণ এবং পেরেশানী দূর করণের। যেমনিভাবে উপযুক্ত

اللَّآئِقُ بِاِلٰهِيَّتِكَ وَشَاْنِكَ الْعَظِيْمِ وَكَمَا هُوَ

ল্লা-ইক্বি বিইলা-হিয়্যাতিকা ওয়া শা'নিকাল্ ‘আযী-মি ওয়া কামা- হুয়া

তোমার ইলাহিয়াৎ ও তোমার মহান মান-মর্যাদার এবং যা উপযুক্ত তাঁদের

اللَّائِقُ بِاَهْلِيَّتِهِمْ وَمَنْصَبِهِ الْكَرِيْمِ بِخُصُوْصِ

ল্লা-ইক্বু বিআহ্‌লিয়্যাতিহিম্ ওয়া মান্‌সোয়াবিহিল্ কারী-মি বিখুসূ-সি

যোগ্যতা ও তাঁর পরম সম্মানিত পদবীর। ওই মহান বৈশিষ্ট্যের

خَصَآئِصَ يَخْتَصُّ بِرَحْمَتِهٖ مَنْ يَّشَآءُ ط

খাসোয়া-ইসা ইয়াখ্‌তাস্‌সু বিরাহ্‌মাতিহী- মাইঁ ইয়াশা-উ।

বিশেষত্বের ওসীলায়, তিনি যাঁকে চান তাঁর রহম দ্বারা বিশেষিত করেন।

وَاللّٰهُ ذُو الْفَضْلِ الْعَظِيْمِ o اَللّٰهُمَّ حَقِّقْنَا

ওয়াল্লা-হু যুল্ ফাদ্বলিল্ ‘আযী-ম। আল্লা-হুম্মা হাক্বিক্বনা-

নিশ্চয় আল্লাহ্ তা'আলা মহান অনুগ্রহের মালিক। হে আল্লাহ! আমাদেরকে প্রতিষ্ঠিত করো,

بِسَرَآئِرِهِمْ فِىْ مَدَارِجِ مَعَارِفِهِمْ وَبِمَثُوْبَةِ

বিসারা-ইরিহিম্ ফী- মাদা-রিজি মা‘আ-রিফিহিম্ ওয়া বিমাসূ-বাতি

তাঁদের রহস্যাদির ওসীলায় তাঁদের মা'রিফাতের উর্ধ্বগমনের সিঁড়িগুলোতে এবং তাঁদের পুণ্যের ওসীলায়

الَّذِيْنَ سَبَقَتْ لَهُمْ مِنْكَ الْحُسْنٰى اٰلِ مُحَمَّدٍ

ল্লাযী-না সাবাক্বাত্ লাহুম্ মিন্কাল্ হুস্না- আ-লি মুহাম্মাদিন্

যাঁদের জন্য তোমার পক্ষ থেকে কল্যাণ অগ্রগামী, আর তাঁরা হলেন হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু

صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْفَوْزَ بِالسَّعَادَةِ الْكُبْرٰى

সাল্লাল্লা-হু ‘আলায়হি ওয়া সাল্লামা ওয়াল্ফাওযা বিস্সা'আ-দাতিল্ কুব্রা-

তা'আলা আলায়হি ওয়াসাল্লামের পবিত্র বংশধর। আর সফলতা দান করো মহান সৌভাগ্য দ্বারা

وَبِمَوَدَّتِهِ الْقُرْبٰى وَاَزْعِمْنَا فِى عِزَّةِ الْمَصْمُوْدِ

ওয়া বিমাওয়াদ্দাতিহি-ল্ ক্বুর্বা- ওয়া আয‘ইম্না- ফী- ‘ইয্যাতিল্ মাস্মূ-দি

এবং তাঁর নিকটতমদের প্রতি তাঁর ভালবাসার ওসীলায় এবং আমাদেরকে নি'মাত দান করো তাঁর সুদৃঢ় সম্মানে,

فِىْ مَقَامِهِ الْمَحْمُوْدِ تَحْتَ لِوَآئِهِ الْمَعْقُوْدِ

ফী- মাক্বা-মিহিল্ মাহ্মূ-দি তাহ্তা লিওয়া-ইহি-ল্ মা'ক্বূ-দি

তাঁর প্রশংসিত স্থানে ও তাঁর স্থাপিত পতাকা তলে।

وَاسْقِنَا مِنْ حَوْضِ عِرْفَانِ مَعْرِفَتِهِ الْمَوْرُوْدِ

ওয়াস্ক্বিনা- মিন্ হাওদ্বি ‘ইর্ফা-নি মা'রিফাতিহিল্ মাওরূ-দি

আর আমাদেরকে পান করাও তাঁর মা'রিফাতের পরিচয়দাতা ওই হাউয থেকে, যেখানে সহজে উপনীত হওয়া যায় এবং তা হবে

يَوْمَ لَا يُخْزِى اللّٰهُ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

ইয়াউমা লা- ইয়ুখ্যিল্লা-হুন্ নাবিয়্যা সাল্লাল্লা-হু ‘আলায়হি ওয়া সাল্লামা

ওই দিন যেদিন আল্লাহ্ তা'আলা তাঁর প্রিয় নবী সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে নিরাশ করবেন

بِبُرُوْزِ اِشَارَةِ قُلْ تُسْمَعْ وَسَلْ تُعْطَ

বিবুরূ-যি ইশা-রাতি ক্বুল্ তুস্মা' ওয়াসাল্ তু'ত্বা

না বরং তাঁকে ধন্য করা হবে ইশারার মাধ্যমে, যাতে বলা হবে- "হে হাবীব! বলুন, গ্রহণ করা হবে এবং প্রার্থনা করুন দেয়া

وَاشْفَعْ تُشَفَّعْ بِظُهُوْرِ بَشَارَةِ

ওয়াশ্ফা' তুশাফ্ফা' বিযুহূ-রি বাশা-রাতি

হবে আর সুপারিশ করুন কবুল করা হবে।" এবং ঐ সুসংবাদ প্রকাশ হবার মাধ্যমে, যাতে বলা

وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى o

ওয়া লাসওফা ইয়ু'ত্বী-কা রাব্বুকা ফাতর্দ্বা-।

হবে, "হে হাবীব! এবং নিশ্চয় আপনাকে আপনার রব তা দান করবেন যাতে আপনি সন্তুষ্ট হয়ে যাবেন।"

تَبَارَكْتَ وَتَعَالَيْتَ يَاذَا الْجَلَالِ وَالْاِكْرَامِ o

তাবা-রাকাক্তা ওয়া তা'আ-লায়তা ইয়া- যাল্জালা-লি ওয়াল্ ইক্রা-ম।

তুমি অতীব বরকতমন্ডিত ও মহিমান্বিত হে মহত্ব ও সম্মানের মালিক।

اَللّٰهُمَّ اِنَّا نَعُوْذُ بِعِزِّ جَلَالِكَ وَبِجَلَالِ عِزَّتِكَ

আল্লা-হুম্মা ইন্না- না‘ঊ-যু বি‘ইয্যি জালা-লিকা ওয়া ওয়া বিজালা-লি

হে আল্লাহ! আমরা আশ্রয় কামনা করছি তোমার মহত্বের সম্মান, তোমার মর্যাদার মহত্ব,

وَبِقُدْرَةِ سُلْطَانِكَ وَبِسُلْطَانِ قُدْرَتِكَ

‘ইয্যাতিকা ওয়া বিক্বুদ্‌রাতি সুল্‌ত্বোয়া-নিকা ওয়া বিসুল্‌ত্বোয়া-নি ক্বুদ্‌রাতিকা

তোমার বাদশাহীর ক্ষমতা এবং ক্ষমতার বাদশাহী

وَبِحُبِّ نَبِيِّكَ مُحَمَّدٍ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ

ওয়া বিহুব্বি নাবিয়্যিকা মুহাম্মাদিন্ সাল্লাল্লা-হু ‘আলায়হি ওয়াসাল্লামা

ও তোমার প্রিয়নবী হযরত মুহাম্মদ মোস্তফা সাল্লাল্লাহু তা‘আলা আলায়হি ওয়াসাল্লামের তোমার ভালবাসার,

مِنَ الْقَطِيْعَةِ وَالْاَهْوَآءِ الرَّدِّيَّةِ يَاظَهِيْرَ اللَّاجِيْنَ

মিনাল ক্বাত্বী-‘আতি ওয়াল্ আহ্‌ওয়া-ইর্ রাদ্দিয়াতি ইয়া- যোয়াহী-রাল্

সম্পর্ক ছিন্ন হওয়া ও হীন প্রবৃত্তি থেকে। হে শরণার্থীদের মদদগার এবং

يَاجَارَ الْمُسْتَجِيْرِيْنَ اَجِرْنَا مِنَ الْخَوَاطِرِ النَّفْسَانِيَّةِ

লা-জী-না ইয়া- জা-রাল্ মুস্‌তাজী-রী-না আজির্‌না- মিনাল্ খাওয়া-ত্বিরিন্

হে আশ্রয়প্রার্থীদের আশ্রয়দাতা, আমাদেরকে মুক্তিদান করো নাফসের কুপ্ররোচনা থেকে

وَاحْفَظْنَا مِنَ الشَّهَوَاتِ الشَّيْطَانِيَّةِ وَطَهِّرْنَا

নাফ্‌সা-নিয়্যাতি ওয়াহ্‌ফায্‌না- মিনাশ্ শাহাওয়া-তিশ্ শায়ত্বা-নিয়্যাতি ওয়া ত্বোহ্‌হিরনা-

এবং আমাদেরকে রক্ষা করো শয়তানী প্রবৃত্তি থেকে। আর আমাদেরকে পবিত্র করে দাও

113

مِنْ قَاذُوْرَاتِ الْبَشَرِيَّةِ وَاصْفِنَا بِصَفَآءِ

মিন্ ক্বা-যূ-রা-তিল্ বাশারিয়্যাতি ওয়াস্‌ফিনা- বিসোয়াফা-ইল্

মানবীয় আবর্জনা থেকে এবং আমাদেরকে পরিস্কার-পরিচ্ছন্ন করে দাও

الْمُحَبَّةِ الصِّدِّيْقِيَّةِ مِنْ صَدَاءِ الْغَفْلَةِ وَوَهْمِ

মুহাব্বাতিস্ সিদ্দী-ক্বিয়্যাতি মিন্ সোয়াদা-ইল্ গাফ্‌লাতি ওয়া ওয়াহ্‌মিল্

সিদ্দীক্বী স্বচ্ছ ও নির্মল ভালবাসা দ্বারা, অমনযোগীর মরিচা থেকে ও

الْجَهْلِ حَتّٰى تَضْمَحِلَّ رُسُوْمُنَا بِفَنَآءِ الْاَنَانِيَّةِ

জাহ্‌লি হাত্তা- তাদ্‌মাহিল্লা রুসূমুনা- বিফানা-ইল্ আনা-নিয়্যাতি

অজ্ঞতার ধারণা থেকে, যে পর্যন্ত বিলীন হয়ে যাবে আমাদের চিহ্ন আমিত্বের বিলীনতা দ্বারা

وَمُبَايَنَةِ الطَّبْعِيَّةِ الْاِنْسَانِيَّةِ فِىْ حَضْرَةِ الْجَمْعِ الْاِلٰهِيَّةِ

ওয়া মুবা-ইয়ানাতিত্ ত্বাব্‌‘ইয়্যাতিল্ ইন্‌সা-নিয়্যাতি ফী- হাদ্বরাতিল্ জাম্‌‘ইল্ ইলা-হিয়্যাতি

এবং মানবীয় স্বভাব জাহির হবার মাধ্যমে ইলাহী সন্নিবেশন

وَالتَّخْلِيَةِ وَالتَّحَلِّىْ بِالْاُلُوْهِيَّةِ الْاَحَدِيَّةِ

ওয়াত্‌তাখ্‌লিয়াতি ওয়াত্তাহাল্লী- বিল্ উলূ-হিয়্যাতিল আহাদিয়্যাতি

ও পরিত্যাগের দরবারে এবং একক ইলাহিয়্যাত দ্বারা ভূষিত হওয়া ও

وَالتَّجَلِّىْ بِالْحَقَآئِقِ الصَّمَدَانِيَّةِ فِىْ شُهُوْدِ الْوَحْدَانِيَّةِ

ওয়াত্তাজাল্লী- বিল্‌হাক্বা-ইক্বিস্ সামাদা-নিয়্যাতি ফী- শুহূ-দিল্ ওয়াহ্‌দা-নিয়্যাতি

অমুখাপেক্ষিতার হাক্বীক্বত দ্বারা উদ্ভাসিত হওয়ার মাধ্যমে এককত্বের দর্শন লাভের ক্ষেত্রে।

حَيْثُ لَاحَيْثُ وَلَااَيْنَ وَلَاكَيْفَ

হায়সু লা- হায়সু ওয়ালা- আয়না ওয়ালা- কায়ফা

আর এ দর্শন এমন এক পর্যায়ে উপনীত হবে যে, থাকবে না সেখানে কোন ‘সেথায়, ‘কোথায়’ ও ‘কি হবে’ এবং

وَيَبْقٰى الْكُلُّ لِلّٰهِ وَبِاللّٰهِ وَمِنَ اللّٰهِ

ওয়া ইয়াব্ক্বাল্ কুল্লু লিল্লা-হি ওয়া বিল্লা-হি ওয়া মিনাল্লা-হি

সবই বিদ্যমান থাকবে একমাত্র ‘আল্লাহর জন্য’, ‘আল্লাহর মাধ্যমে’ ‘আল্লাহর পক্ষ থেকে’

وَاِلَى اللّٰهِ وَمَعَ اللّٰهِ غَرْقًا بِنِعْمَةِ اللّٰهِ فِىْ بَحْرِ مِنَّةِ اللّٰهِ

ওয়া ইলাল্লা-হি ওয়া মা‘আল্লা-হি গার্ক্বান্ বিনি’মাতিল্লা-হি ফী- বাহ্রি মিন্নাতিল্লা-হি

‘আল্লাহর দিকে’ এবং ‘আল্লাহর সাথে’, নিমজ্জিত হয়ে আল্লাহর নি’মাত দ্বারা আল্লাহর অনুগ্রহের মহাসমুদ্রে,

مَنْصُوْرِيْنَ بِسَيْفِ اللّٰهِ مَخْصُوْصِيْنَ بِمَكَارِمِ اللّٰهِ

মান্সূ-রী-না বিসায়ফিল্লা-হি মাখ্সূ-সী-না বিমাকা-রিমিল্লা-হি

আল্লাহ্ তা‘আলার তরবারী দ্বারা বিজয়ী হয়ে বিশেষিত হয়ে আল্লাহ তা‘আলার অনুগ্রহে,

مَلْحُوْظِيْنَ بِعَيْنِ اللّٰهِ مَحْفُوْظِيْنَ بِعِنَايَةِ اللّٰهِ

মাল্হূ-যী-না বিআয়নিল্লা-হি মাহ্ফূ-যী-না বি‘ইনা-ইয়াতিল্লা-হি

নিবন্ধিত হয়ে আল্লাহ তা‘আলার ক্বুদরতের চোখে, নিরাপদ হয়ে আল্লাহ তা‘আলার অনুগ্রহ দ্বারা

مَحْفُوْظِيْنَ بِعِصْمَةِ اللّٰهِ مِنْ كُلِّ شَاغِلٍ

মাহ্ফূযী-না বি‘ইস্মাতিল্লা-হি মিন্ কুল্লি শা-গিলীঁ

এবং হেফাযত থেকে মহান আল্লাহর নিরাপত্তা দ্বারা ওই সকল ব্যস্ততা থেকে

يُّشْغِلُ عَنِ اللّٰهِ تَعَالٰى وَخَاطِرٍ يُّخْطِرُ

ইয়ুশ্গিলু ‘আনিল্লা-হি তা‘আলা- ওয়া খা-ত্বিরীঁ ইয়ুখ্ত্বিরু

যা অন্যমনস্ক করে দেয় আল্লাহ্ তা‘আলা থেকে এবং ওই সকল কল্পনা থেকে,

فِىْ غَيْرِ اللّٰهِ يَارَبُّ يَآ اَللّٰهُ يَارَبُّ

ফী- গায়রিল্লা-হি ইয়া- রাববু ইয়া- আল্লা-হু ইয়া- রাববু

যা আল্লাহ্ তা‘আলা ব্যতিরেকে অন্য কাউকে নিয়ে চিন্তা-ভাবনা করে। হে রব, হে আল্লাহ! হে রব,

يَا اَللّٰهُ يَا اَللّٰهُ يَارَبُّ وَمَا تَوْفِيْقِىْ

ইয়া- আল্লা-হু ইয়া- আল্লা-হু ইয়া- রাববু ওয়ামা- তাওফী-ক্বী-

হে আল্লাহ! হে রব! হে আল্লাহ, আমার নেই কোন ক্ষমতা আল্লাহ্ তা‘আলা প্রদত্ত ক্ষমতা

اِلَّا بِاللّٰهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيْبُ -

ইল্লা- বিল্লা-হি ‘আলায়হি তাওয়াক্কাল্তু ওয়া ইলায়হি উনী-বু।

ব্যতিরেকে, তাঁর উপর আমি ভরসা করে এবং তাঁরই নিকট আমি প্রত্যাবর্তন করব।

اَلْحِزْبُ الثَّامِنُ يُخْتَمُ بِهٖ وَيُبْدَأُ بِالْحِزْبِ الْاَوَّلِ فِىْ يَوْمِ الْاِثْنَيْنِ

অষ্টম হিয্‌ব

[এটা শেষ করে সোমবারে পুনরায় প্রথম হিযব থেকে আরম্ভ করতে হবে]

اَللّٰهُمَّ اَشْغِلْنَا بِكَ وَهَبْ لَنَا هِبَةً لَّا سَعَةَ

আল্লা-হুম্মা আশগিল্‌না- বিকা ওয়াহাব্‌ লানা- হিবাতাল্লা- সা'আতা

হে আল্লাহ! তুমি আমাদেরকে তোমার সাথে ব্যস্ত রাখো এবং দান করো আমাদেরকে এমন অপরিসীম দান,

فِيْهَا لِغَيْرِكَ وَلَا مَدْخَلَ فِيْهَا لِسِوَاكَ

ফী-হা লিগায়রিকা ওয়ালা- মাদ্‌খালা ফী-হা- লিসিওয়া-কা

যাতে তুমি ছাড়া অন্য কারও ক্ষমতা নেই ও তুমি ছাড়া এতে অন্য কারও দখলও নেই,

وَاسِعَةً بِالْعُلُوْمِ الْاِلٰهِيَّةِ وَالصِّفَاتِ الرَّبَّانِيَّةِ وَالْاَخْلَاقِ الْمُحَمَّدِيَّةِ

ওয়া-সি'আতাম্‌ বিল্‌'উলূ-মিল্‌ ইলা-হিয়্যাতি ওয়াস্‌সিফা-তির্‌ রাব্বা-নিয়্যাতি ওয়াল্‌ আখ্‌লা-ক্বিল্‌ মুহাম্মাদিয়্যাতি

যা খোদায়ী জ্ঞান এবং রব্বানী গুণাবলী ও মুহাম্মদী চরিত্রের ব্যাপকতার সম পরিমাণ হবে।

وَقَوِّ عَقَائِدَنَا بِحُسْنِ الظَّنِّ الْجَمِيْلِ وَحَقِّ الْيَقِيْنِ

ওয়া ক্বাভ্‌ভি 'আক্বা-ইদানা- বিহুস্‌নিয্‌ যান্নিল্‌ জামী-লি ওয়া হাক্বক্বিল্‌ ইয়াক্বী-নি

আর শক্তিশালী করে দাও আমাদের আক্বীদাকে সুন্দর ধারণা, নিশ্চিত বিশ্বাস

وَحَقِيْقَةِ التَّمْكِيْنِ سَدِّدْ اَحْوَالَنَا بِالتَّوْفِيْقِ

ওয়া হাক্বী-ক্বাতিত্‌ তাম্‌কী-নি সাদ্দিদ আহ্‌ওয়া-লানা- বিত্তাওফী-ক্বি

ও বাস্তব সক্ষমতাকে উন্নত করার মাধ্যমে এবং পরিমার্জিত করে দাও আমাদের অবস্থাদিকে তাওফীক্ব,

وَالسِّعَايَةِ وَحُسْنِ الْيَقِيْنِ وَشُدَّ قَوَائِدَنَا

ওয়াস্‌সি'আইয়াতি ওয়া হুস্‌নিল্‌ ইয়াক্বী-নি ওয়া শুদ্দা ক্বাওয়া-ইদানা-

প্রচেষ্টা ও সুন্দর দৃঢ় বিশ্বাস দ্বারা অটল রাখো আমাদের নেতৃবৃন্দকে

عَلٰى صِرَاطِ الْاِسْتِقَامَةِ وَقَوَائِدِ الْغُرِّ الرَّضِيِّيْنَ

'আলা- সিরা-ত্বিল্‌ ইস্‌তিক্বা-মাতি ওয়া ক্বাওয়া-ইদিল্‌ গুর্‌রির রাদ্বিয়্যী-না

দৃঢ়তা ও সন্তুষ্ট শুভ্র ললাটধারী নেতৃবর্গের পথে।

صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيْهِمْ

সিরা-ত্বাল্লাযী- আন্‌'আমতা 'আলায়হিম্‌ গায়রিল্‌ মাগ্‌দ্বূ-বি 'আলায়হিম্‌

((তাঁদের পথে, যাদের উপর তুমি অনুগ্রহ করেছো, অভিশপ্তদের পথেও নয়

وَلَا الضَّآلِّيْنَ ○ صِرَاطَ الَّذِيْنَ اَنْعَمْتَ عَلَيْهِمْ

ওয়ালাদ্দ্বোয়া----ল্লী-ন। সেরা-ত্বা ল্লাযী- আন্‌'আম্‌তা 'আলায়হিম্‌

এবং পথভ্রষ্টদের পথেও নয়।)) তাঁদের পথে, যাদের উপর তুমি অনুগ্রহ করেছো

مِنَ النَّبِيّٖنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَاءِ وَالصَّالِحِيْنَ

মিনান্‌ নাবিয়্যী-না ওয়াসিদ্দী-ক্বী-না ওয়াশ্‌ শুহাদা-ই ওয়াস্‌ সোয়া-লিহী-না

অর্থাৎ নবীগণ, সিদ্দীক্বগণ, শহীদগণ ও ওলীগণের পথে

وَشَيِّدْ مَقَاصِدَنَا فِى الْمَجِيْدِ الْاَثِيْلِ عَلٰى اَعْلٰى

ওয়া শাইয়্যিদ্‌ মাক্বা-সিদানা- ফিল্‌ মাজী-দিল্‌ আসী-লি 'আলা- আ'লা-

এবং প্রতিষ্ঠা করে দাও আমাদের উদ্দেশ্যাবলীকে গৌরবময় দৃঢ়তা সহকারে

ذُرْوَةِ الْكَرَامَةِ وَعَزَائِمِ اُولِى الْعَزْمِ مِنَ الْمُرْسَلِيْنَ

যুর্ওয়াতিল্ কারা-মাতি ওয়া ‘আযা-ইমি উলী-ল্ আয্মি মিনাল্ মুর্সালী-না

সম্মানের সর্বোচ্চ শিখরে ও দৃঢ় প্রত্যয়ী নবী-রাসূলগণের দৃঢ়তার উপর।

يَاصَرِيْخَ الْمُسْتَصْرِخِيْنَ وَيَا غِيَاثَ الْمُسْتَغِيْثِيْنَ

ইয়া সরী-খাল্ মুস্তাস্ রিখী-না ওয়া ইয়া- গিয়া-সাল্ মুস্তাগী-সী-না

হে আর্তনাদকারীদের ফরিয়াদ কবুলকারী এবং হে সাহায্য প্রার্থীদের সাহায্যকারী।

اَغِثْنَا بِاَلْطَافِ رَحْمَتِكَ مِنْ ضَلَالِ الْبُعْدِ

আগিস্না- বিআল্ত্বোয়া-ফি রাহ্মাতিকা মিন্ দ্বোয়ালা-লিল্ বু’দি

আমাদেরকে সাহায্য করো তোমার রহমতের অনুগ্রহরাজি দ্বারা দূরত্বের গোমরাহী থেকে

وَاشْمَلْنَا بِنَفَحَاتِ عِنَايَتِكَ فِىْ مَصَارِعِ الْحُبِّ

ওয়া আশ্মাল্না- বিনাফাহা-তি ‘ইনা-ইয়াতিকা ফী- মাসোয়া-রি‘ইল্ হুব্বি

এবং আমাদেরকে অন্তর্ভুক্ত করো তোমার সহানুভূতির উপহার দ্বারা ভালবাসায় ধরাশায়ীদের দলে।

وَاَسْعِفْنَا بِاَنْوَارِ هِدَايَتِكَ فِىْ حَضَائِرِ الْقُرْبِ

ওয়া আস্‘ইফ্না- বিআন্ওয়া-রি হিদা-ইয়াতিকা ফী- হাদ্বোয়া-ইরিল্ ক্বুর্বি

আমাদেরকে সাহায্য করো তোমার হেদায়তের নুররাশি দ্বারা নৈকট্যে অগ্রগামীদের দলভুক্ত করার মাধ্যমে

وَاَيِّدْنَا بِنَصْرِكَ الْعَزِيْزِ نَصْرًا مُؤَزَّرًا

ওয়া আয়্যিদ্না- বিনাস্রিকাল্ ‘আযী-যি নাস্রান্ মুআযযারান্

এবং আমাদেরকে শক্তিশালী মদদ দান করো তোমার অপরাজেয় মদদ

بِالْقُرْاٰنِ الْمَجِيْدِ بِفَضْلِكَ وَرَحْمَتِكَ

বিল্ক্বুর-আনিল্ মাজী-দি বিফাদ্বলিকা ওয়া রাহ্মাতিকা

সহকারে ক্বোরআন মাজীদের মাধ্যমে তোমার বিশেষ অনুগ্রহ ও রহমত দ্বারা।

يَآاَرْحَمَ الرَّاحِمِيْنَ o رَبَّنَا تَقَبَّلْ مِنَّا اِنَّكَ

ইয়া- আর্হামার্ রা-হিমী-ন। রাববানা- তাক্বাববাল্ মিন্না- ইন্নাকা

হে সর্বাধিক দয়ালু, করুণাময়। হে আল্লাহ! আমাদের থেকে কবুল করে নাও। নিশ্চয়

اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ o وَتُبْ عَلَيْنَا اِنَّكَ

আনতাস্ সামী-‘উল্ ‘আলী-ম। ওয়া তুব্ ‘আলায়না- ইন্নাকা

তুমি সর্বাধিক শ্রোতা, মহাজ্ঞানী। আর কবুল করে নাও আমাদের তাওবা, নিশ্চয়

اَنْتَ التَّوَّابُ الرَّحِيْمُ o اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ

আন্তাত্ তাওয়্যাবুর্ রাহী-ম। আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম

তুমি সর্বাধিক তাওবা কবুলকারী, পরম করুণাময়। হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো

عَلٰى سَيِّدِنَا مُحَمَّدِنِ النَّبِىِّ الْاُمِّىِّ وَاَزْوَاجِهٖ

‘আলা- সাইয়্যিদিনা- মুহাম্মাদিনিন্ নাবিয়্যিল উম্মিয়্যি ওয়া আয্ওয়া-জিহী-

আমাদের আক্বা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি, যিনি উম্মী (আসলী) নবী, অনুরূপ তাঁর পবিত্রতম, স্ত্রীবর্গের প্রতি,

اُمَّهَاتِ الْمُؤْمِنِيْنَ وَذُرِّيَّتِهٖ وَاَهْلِ بَيْتِهٖ

উম্মাহা-তিল্ মু’মিনী-না ওয়া যুর্রিয়্যাতিহী- ওয়া আহ্লি বায়তিহী-

যাঁরা মু’মিন নর-নারীগণের মা, তাঁর পবিত্র পরিবার-পরিজন এবং পবিত্র বংশধরের প্রতিও,

كَمَا صَلَّيْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ

কামা- সোয়াল্লায়তা ‘আলা- ইব্‌রা-হী-মা ওয়া ‘আলা- আ-লি ইব্‌রাহী-মা

যেমনিভাবে তুমি দুরূদ প্রেরণ করেছো হযরত ইবরাহীম এবং হযরত ইবরাহীমের বংশধরের প্রতি,

اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ o يَا عِمَادَ مَنْ لَا عِمَادَ لَهٗ

ইন্নাকা হামী-দুম্ মাজী-দ। ইয়া- ‘ইমা-দা মান্ লা- ‘ইমা-দা লাহূ-

নিশ্চয় তুমি সর্বাধিক প্রশংসিত, মর্যাদাবান। হে মহান খুঁটি-স্তম্ভ তাদের জন্য যাদের কোন খুঁটি নেই,

يَا سَنَدَ مَنْ لَّا سَنَدَ لَهٗ يَا ذُخْرَ مَنْ لَّا

ইয়া সানাদা মাল্লা- সানাদা লাহূ- ইয়া- যুখ্‌রা মাল্লা-

হে মহান অবলম্বন তাদের জন্য যাদের কোন অবলম্বন নেই এবং হে মহান সঞ্চয় তাদের জন্য

ذُخْرَ لَهٗ يَا جَابِرَ كُلِّ كَسِيْرٍ يَا صَاحِبَ كُلِّ

যুখ্‌রা লাহূ- ইয়া- জা-বিরা কুল্লি কাসী-রিন্ ইয়া- সোয়া-হিবা কুল্লি

যাদের কোন সঞ্চয় নেই। হে সকল ভগ্ন ও ব্যর্থদের মেরামত ও ক্ষতিপূরণকারী! হে সকল

غَرِيْبٍ يَا مُوْنِسَ كُلِّ وَحِيْدٍ لَّا اِلٰهَ اِلَّا اَنْتَ

গারী-বিন্ ইয়া- মূ-নিসা কুল্লি ওয়াহী-দিন্ লা- ইলা-হা ইল্লা- আন্‌তা

পরদেশীর (সাথীহীনদের) সাথী! হে সকল একা লোকের সাথী! ((তুমি ছাড়া কোন মা'বূদ নেই।

سُبْحَانَكَ اِنِّيْ كُنْتُ مِنَ الظّٰلِمِيْنَ o

সুব্‌হা-নাকা ইন্নী- কুন্‌তু মিনায্ যোয়া-লিমী-ন।

সকল পবিত্রতা তোমারই, নিশ্চয় আমি স্বীয় আত্মার উপর যুল্‌মকারী।))

اَنْتَ وَلِيِّ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ تَوَفَّنِيْ مُسْلِمًا

আন্‌তা ওয়ালিয়্যী ফিদ্দুন্‌ইয়া- ওয়াল্‌আ-খিরাতি তাওয়াফ্‌ফানী- মুসলিমান্

তুমি আমার অভিভাবক দুনিয়া ও আখিরাতে এবং আমাকে মৃত্যু দান করো মুসলমান হিসেবে

وَاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ o وَاَصْلِحْ لِيْ فِيْ ذُرِّيَّتِيْ

ওয়া আল্‌হিক্বনী- বিস্ সোয়া-লিহী-ন। ওয়া আস্‌লিহ্ লী- ফী- যুর্‌রিয়্যাতী-

ও আমাকে সম্পৃক্ত করো সৎকর্মপরায়ণদের দলে। সংশোধন করে দাও আমার জন্য আমার পরিবারকে।

اِنِّيْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّيْ مِنَ الْمُسْلِمِيْنَ o

ইন্নী- তুব্‌তু ইলায়কা ওয়া ইন্নী- মিনাল্ মুস্‌লিমী-ন।

নিশ্চয় আমি তোমার নিকট তাওবা করছি এবং অবশ্যই আমি মুসলমানদের একজন।

صَلٰوةُ اللّٰهِ وَمَلٰۤئِكَتِهٖ وَاَنْبِيَآئِهٖ وَرُسُلِهٖ وَجَمِيْعِ

সোয়ালা-তুল্লা-হি ওয়ামালা-ইকাতিহী- ওয়া আম্বিয়া-ইহী- ওয়া রুসু-লিহী- ওয়া জামী-‘ই

মহান আল্লাহর ও সকল ফেরেশতার পক্ষ থেকে এবং আল্লাহর সকল নবী-রাসূল ও তাঁর সকল

خَلْقِهٖ عَلٰى سَيِّدِنَا وَنَبِيِّنَا وَمَوْلَانَا مُحَمَّدٍ وَّ عَلٰى

খাল্‌ক্বিহী- ‘আলা- সাইয়্যিদিনা- ওয়া নাবিয়্যিনা- ওয়া মাওলা-না- মুহাম্মাদিন্ ওয়া

সৃষ্টির পক্ষ থেকে দুরূদ আমাদের আক্বা, আমাদের নবী ও আমাদের মাওলা হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি

اٰلِ مُحَمَّدٍ وَّعَلَيْهِ وَعَلَيْهِمُ السَّلَامُ وَرَحْمَةُ

‘আলা- আ-লি মুহাম্মাদিওঁ ওয়া ‘আলায়হি ওয়া ‘আলায়হিমুস্ সালা-মু ওয়া

এবং হযরত মুহাম্মদ মোস্তফার পবিত্র বংশধরের প্রতিও। আর তাঁর প্রতি এবং তাঁদের সকলের প্রতি আল্লাহ্ তা'আলার

اللّٰهِ وَبَرَكَاتُهٗ اَللّٰهُمَّ اَدْخِلْنَا مَعَهٗ بِشَفَاعَتِهٖ

রাহ্মাতু ল্লা-হি ওয়া বারাকা-তুহূ- । আল্লা-হুম্মা আদ্খিল্না- মা'আহূ-

পক্ষ থেকে সালাম এবং রহমত ও বরকত। হে আল্লাহ! আমাদেরকে প্রবেশ করাও তাঁর সাথে তাঁর শাফাআত

وَضَمَانَتِهٖ وَرِعَايَتِهٖ مَعَ اٰلِهٖ وَاَصْحَابِهٖ

বিশাফা-'আতিহী- ওয়া দ্বোয়ামা-নাতিহী- ওয়া রি'আ- ইয়াতিহী- মা'আ আ-লিহী-

এবং তাঁর যামানত ও তত্ত্বাবধানের অধীনে- তাঁর পবিত্র বংশধর এবং সাহাবীগণের সাথে

بِدَارِكَ دَارِ السَّلَامِ فِىْ مَقْعَدِ صِدْقٍ عِنْدَ

ওয়া আস্হা-বিহী- বিদা-রিকা দা-রিস্সালা-মি ফী- মাক্ব'আদি সিদ্ক্বিন্ 'ইন্দা

তোমার পবিত্র গৃহ 'দারুস্ সালাম' (শান্তি নিকেতন) এ সততার আসনে মহান

مَلِيْكٍ مُّقْتَدِرٍ o يَاذَاالْجَلَالِ وَالْاِكْرَامِ

মালী-কিম্ মুক্বতাদির। ইয়া- যাল্জালা-লি ওয়াল্ইক্রা-মি

ক্ষমতাধর মালিক ও মাওলার সান্নিধ্যে। হে মহত্ব ও সম্মানের মালিক।

وَاَتْحِفْنَا بِمُشَاهَدَتِهٖ بِلَطِيْفِ مَنَازِلَتِهٖ

ওয়া আত্হিফ্না- বিমুশা-হাদাতিহী- বিলাত্বী-ফি মানা-যিলাতিহী-

আর আমাদেরকে উপহার দান করো তাঁর বরকতময় দর্শন দ্বারা তাঁর কোমল মেহমানদারীতে।

يَاكَرِيْمُ يَارَحِيْمُ اَكْرِمْنَا بِالنَّظْرِ اِلٰى جَمَالِ

ইয়া- কারী-মু ইয়া- রাহী-মু আক্রিম্না- বিন্নায্রি ইলা- জামা-লি

হে পরম দয়াবান, হে পরম করুণাময়! আমাদেরকে সম্মানিত করো তোমার

سُبُحَاتِ وَجْهِكَ الْعَظِيْمِ o وَاحْفَظْنَا

সুবুহা-তি ওয়াজ্হিকাল্ 'আযী-ম। ওয়াহ্ফায্না-

মহান কুদরতী চেহারা মুবারকের জপমালার সৌন্দর্য দর্শন দ্বারা এবং আমাদেরকে হেফাযত করো

بِكَرَامَتِهٖ بِالتَّكْرِيْمِ وَالتَّبْجِيْلِ وَالتَّعْظِيْمِ

বিকারা-মাতিহী- বিত্তাক্রী-মি ওয়াত্তাব্জী-লি ওয়াত্তা'যী-মি

তাঁর মহান সম্মানের বরকতে সম্মান, মর্যাদা ও তা'যীম সহকারে,

وَاَكْرِمْنَا بِنُزُلِهٖ بِمَوَاهِبِكَ الرَّحْمَانِيَّةِ

ওয়া আক্রিমনা- বিনুযুলিহী- বিমাওয়া-হিবিকার্ রাহ্মা-নিয়্যাতি

আর আমাদেরকে ধন্য করো তাঁর আতিথেয়তা দ্বারা তোমার দয়াময় দান-দক্ষিণা সহকারে,

نُزُلًا مِنْ غَفُوْرٍ رَّحِيْمٍ o فِىْ رَوْضِ رِضْوَانِ

নুযুলাম্ মিন্ গাফূ-রির্ রাহী-ম। ফী- রাওদ্বি রিদ্বওয়া-নি

যে মেহমানদারী হবে মূলত মহান ক্ষমাশীল পরম করুণাময়ের পক্ষ থেকে ওই সন্তুষ্টির কাননে যাতে এ মর্মে

اُحِلُّ عَلَيْكُمْ رِضْوَانِىْ فَلَااَسْخَطُ عَلَيْكُمْ اَبَدًا

উহিল্লু 'আলায়কুম্ রিদ্বওয়ানী- ফালা- আস্খাত্বু 'আলায়কুম্ আবাদান্

ঘোষণা প্রদান করা হবে- 'অবধারিত করা হলো তোমাদের উপর আমার সন্তুষ্টি, তাই তোমাদের উপর কখনও অসন্তুষ্ট হবোনা

وَاُعْطِيْكُمْ مَفَاتِحَ الْغَيْبِ لِخَزَائِنِ السِّرِّ

ওয়া উ'ত্বী-কুম্ মাফা-তিহাল্ গায়বি লিখাযা-ইনিস্ সির্রিল্

এবং তোমাদেরকে দান করবো অদৃশ্যের চাবিগুচ্ছ গোপন রহস্যের ধনভান্ডারসমূহের

الْـمَـكْـنُوْنِ فِىْ مَكْنُوْنِ جِنَانِ مَعَارِفِ صِفَاتِ

মাক্নূ-নি ফী- মাক্নূ-নি জিনা-নি মা‘আ-রিফি সিফা-তিল

জন্য যা বিদ্যমান, অর্থগত গুণাবলীর জ্ঞান ভান্ডারের কাননগুলোতে গোপনভাবে

الْـمَـعَـانِـىْ بِـاَنْوَارِ الذَّاتِ عَلٰى الْاَرائِكِ

মা‘আ-নী- বিআন্ওয়া-রিয্ যা-তি ‘আলাল্ আরা-ইকি

সত্ত্বার নুররাশি সহকারে, যাতে তাঁরা আরামদায়ক সোফাতে বসে নি’মাতরাজি

يَنْظُرُوْنَ o لَهُمْ مَّايَدَّعُوْنَo سَلَامٌ قَوْلًا مِنْ رَّبِّ

ইয়ান্যুরূ-ন। লাহুম্ মা-ইয়াদ্দা‘উ-ন। সালা-মুন্ ক্বাওলান্ মির্ রাব্বির্

অবলোকন করবেন আর তাঁদের জন্য রয়েছে তাই, যা তাঁরা তলব করবেন,

رَّحِيْمٍo بِانْعِطَافِ رَأْفَةِ الرَّأْفَةِ الرَّأْفَةِ الْمُحَمَّدِيَّةِ

রাহী-ম। বিইন্‘ইত্বোয়া-ফি রা’ফাতির্ রা’ফাতির্ রা’ফাতিল্ মুহাম্মাদিয়্যাতি

“করুণাময় প্রতিপালকের পক্ষ থেকে সালামসহ অভিবাদন” মুহাম্মদী রহমতের দয়া-করুণার

مِـنْ عَيْـنِ عِـنَـايَتِـهٖ فَضْلًا مِّنْ رَّبِّكَ ذٰلِكَ

মিন্ ‘আয়নি ‘ইনা-ইয়াতিহী- ফাদ্বলাম্ মির্ রাব্বিকা যা-লিকা

অনুগ্রহসহ তাঁর মূল ও আসল অনুগ্রহ থেকে। “আপনার রবের বিশেষ অনুগ্রহ স্বরূপ,

هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ o فِىْ مَحَاسِنِ قُصُوْرِ ذَخَائِرِ سَرَائِرِ

হুয়াল্ ফাওযুল্ ‘আযী-ম। ফী- মাহা-সিনি ক্বুসূ-রি যাখা-ইরি সারা-ইরি

আর তাই হলো প্রকৃত মহাবিজয়। যা রহস্যাদির ভান্ডারসমূহের প্রসাদগুলোর শোভায় বিরাজমান।”

فَلَا تَـعْـلَـمُ نَـفْسٌ مَا اُخْفِىَ لَهُمْ مِنْ قُرَّةِ اَعْيُنٍ

ফালা- তা’লামু নাফ্সুম্ মা- উখ্‌ফিয়া লাহুম্ মিন্ ক্বুর্‌রাতি আ’য়ুনিন্

তাই জানেনা কোন আত্মা তাদের চোখের প্রশান্তি স্বরূপ তাদের জন্য কি লুক্কিয়ে রাখা হয়েছে

جَزَاءً بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ o فِىْ مَنَصَّةِ مَحَاسِنِ خَوَاتِمِ دَعْوٰهُمْ

জাযা-আম্ বিমা- কা-নূ- ইয়া’মালূ-ন। ফী- মানাস্‌সাতি মাহা-সিনি খাওয়া-তিমি দা’ওয়া-হুম্

তাদের আমলের প্রতিদান হিসেবে। শোভামন্ডিত মঞ্চের সমাপনী কর্মসূচি হলোঃ

فِيْهَا سُبْـحَـانَكَ اَللّٰهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلَامٌ

ফী-হা সুব্‌হা-নাকা আল্লা-হুম্মা ওয়া তাহিয়্যাতুহুম্ ফী-হা সালা-মুন্

এতে তাদের দো’আ হবে-পবিত্রতা তোমার জন্য হে আল্লাহ! এবং এতে তাদের অভিবাদন হবে ‘সালাম’

وَاٰخِرُ دَعْوٰهُمْ اَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ o

ওয়া আ-খিরু দা’ওয়া-হুম্ আনিল্ হাম্‌দু লিল্লা-হি রাব্বিল্ ‘আ-লামী-ন।

আর তাদের সর্বশেষ দো’আ হবে- “সকল প্রশংসা আল্লাহ্ তা’আলার জন্য, যিনি বিশ্বজাহানের প্রতিপালক।”

হযরত আবদুর রহমান চৌরহভী
[রহমাতুল্লাহি তা‘আলা আলায়হি]’র
সালাত (দুরূদ)-ই ওযমা প্রথম হিয্ব
[সোমবারে পড়তে হয়]

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

বিস্‌মিল্লা-হির রাহ্‌মা-নির রাহী-ম

আল্লাহর নামে আরম্ভ, যিনি পরম দয়ালু, করুণাময়

اِنَّ اللّٰهَ وَمَلٰٓئِكَتَهٗ يُصَلُّوْنَ عَلَى النَّبِيِّ

ইন্নাল্লা-হা ওয়া মালা----ইকাতাহূ- ইয়ুসাল্লূ-না ‘আলান্‌ নাবিয়্যি

“নিশ্চয় আল্লাহ্‌ তা‘আলা এবং তার ফেরেশতাগণ দুরূদ প্রেরণ করেন নবীর প্রতি।

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا صَلُّوْا عَلَيْهِ وَسَلِّمُوْا تَسْلِيْمًا

ইয়া- আইয়্যুহাল্লাযী-না আ-মানূ- সোয়াল্লূ- ‘আলায়হি ওয়া সাল্লিমূ- তাস্‌লী-মা-।

হে ঈমানদারগণ তোমরাও তাঁর প্রতি দুরূদ প্রেরণ করো এবং যথাযোগ্য সালাম পেশ করো।”

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ صَلٰوةً تُحَمِّدُنَا بِهَا

আল্লা-হুম্মা সল্লি ‘আলা- মুহাম্মাদিন্‌ সোয়ালা-তান্‌ তুহাম্মিদুনা- বিহাল্‌

হে আল্লাহ! দুরূদ প্রেরণ করো হযরত মুহাম্মদ মোস্তফার প্রতি এমন দুরূদ, যা দ্বারা প্রশংসিত করবে আমাদেরকে

الْحَقِيْقَةَ الْمُحَمَّدِيَّةَ بِحَاءِ الرَّحْمَةِ وَمِيْمِ الْمُلْكِ

হাক্বী-ক্বাতাল্‌ মুহাম্মাদিয়্যাতা বিহা-ইর্‌ রাহ্‌মাতি ওয়া মী-মিল্‌ মুল্‌কি

এবং দান করবে মুহাম্মদী হাক্বীক্বত, রহমতের ‘হা’, ‘মুলক’-এর ‘মীম’

وَدَالِ الدَّوَامِ كَحَمْدِ مُحَمَّدٍ رَّسُوْلِ اللّٰهِ ط

ওয়া দা-লিদ্‌ দাওয়া-মি কাহাম্‌দি মুহাম্মাদির্‌ রাসূ-লিল্লা-হ্‌।

এবং ‘দাওয়াম’-এর দাল দ্বারা, মুহাম্মদ রাসূলুল্লাহ্‌র প্রশংসার ন্যায়।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى اَحْمَدَ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- আহ্‌মাদা সোয়ালা-তান্‌

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো হযরত আহমদ মুজতাবার প্রতি এমন দুরূদ,

تُحْمَدُ بِهَا مِنَّا حَمْدًا مُتَوَالِيًا مُتَوَاتِرًا مُّتَضَاعِفًا

তুহ্‌মাদু বিহা- মিন্না- হাম্‌দান্‌ মুতাওয়া-লিয়ান্‌ মুতাওয়া-তিরাম্‌ মুতাদ্বোয়া-‘ইফাম্‌

যা দ্বারা আমাদের পক্ষ থেকে তোমার এমন প্রশংসা করা হবে, যা হবে একের পর এক, ধারাবাহিক,

مُّتَّسِقًا مُّتَّسِعًا مُّسْتَوْثِقًا مُبَشِّرًا بِرَسُوْلٍ

মুত্তাসিক্বাম্‌ মুত্তাসি‘আম্‌ মুস্‌তাওসিক্বাম্‌ মুবাশ্‌শিরাম্‌ বিরাসূ-লীঁ

বহুগুণ বৃদ্ধিপ্রাপ্ত, সুশৃঙ্খল, সুপ্রসারিত, নির্ভরযোগ্য এবং ((সুসংবাদদাতা এমন এক রাসূলের,

يَّأْتِيْ مِنْ بَعْدِى اسْمُهٗ اَحْمَدُ ط

ইয়া’তী- মিন্‌ বা’দিস্‌মুহূ- আহ্‌মাদ্‌।

যিনি আসবেন আমার পরে যাঁর নাম হবে আহমদ।))

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى حَامِدٍ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম ‘আলা- হা-মিদিন্‌ সোয়া-লাতান্‌

হে আল্লাহ! দুরুদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত হামেদের প্রতি এমন দরূদ,

تُحْمَدُ بِهَا مِنَّا حَمْدًا كَثِيْرًا طَيِّبًا

তুহ্মাদু বিহা- মিন্না হাম্দান্ কাসী-রান্ ত্বোয়াইয়্যিবাম্

যা দ্বারা আমাদের পক্ষ থেকে তোমার এমন প্রশংসা করা হবে, যা হবে পর্যাপ্ত, পবিত্র

مُّبَارَكًا فِيْهِ وَالْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ o

মুবা-রাকান্ ফী-হি ওয়াল্হামদু লিল্লা-হি রাব্বিল্ 'আ-লামী-ন।

এবং বরকতময়। সকল প্রশংসা আল্লাহ্ তা'আলার জন্য যিনি বিশ্বজাহানের প্রতিপালক।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى مَحْمُوْدٍ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- মাহ্মূ-দিন্ সোলা-তান্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত 'মাহমুদ'-এর প্রতি এমন দুরূদ,

تُحْمَدُ بِهَا مِنَّا حَمْدًا جَزِيْلًا جَمِيْلًا

তুহ্মাদু বিহা- মিন্না- হাম্দান্ জাযী-লান্ জামী-লান্

যা দ্বারা আমাদের পক্ষ থেকে তোমার এমন প্রশংসা করা হবে, যা হবে অফুরন্ত শোভামন্ডিত

دَآئِمًا بِدَوَامِ مُلْكِ اللّٰهِ بِعِزَّةِ عَسٰى

দা-ইমান্ বিদাওয়া-মি মুল্কিল্লা-হি বি'ইয্যাতি 'আসা-

এবং সর্বদা-স্থায়ী, আল্লাহ্ তা'আলার রাজত্বের স্থায়িত্বের সাথে, "অতিশীঘ্রই

اَنْ يَّبْعَثَكَ رَبُّكَ مَقَامًا مَّحْمُوْدًا o

আইঁ ইয়াব্ 'আসাকা রাব্বুকা মাক্বা-মাম্ মাহ্মূ-দা-।

আপনার রব (আল্লাহ্ তা'আলা) আপনাকে অধিষ্ঠিত করবেন প্রশংসিত স্থানের সম্মানের ওসীলায়।"

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى طٰهٰ صَلٰوةً تَمْنَحُنَا بِهَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- ত্বোয়া-হা- সোয়ালা-তান্ তাম্নাহুনা- বিহা-

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত 'ত্বা-হা'র প্রতি এমন দুরূদ,

بِطَآئِهَا طَلَبَ الْاَبْلَجِ وَالْاَفْلَجِ وَبِهَآئِهَا

বিত্বোয়া-ইহা- ত্বোয়ালাবাল্ আব্লাজি ওয়াল্আফ্লাজি ওয়া বিহা-ইহা-

যা 'ত্বা' দ্বারা তুমি আমাদেরকে দান করবে উজ্জ্বলতা ও প্রশস্ততার তলব এবং যার 'হা' দ্বারা দান করবে

هِدَايَةَ اَبْهَجِ طٰهٰ o مَآ اَنْزَلْنَا عَلَيْكَ الْقُرْاٰنَ لِتَشْقٰى o

হিদা-ইতা আব্হাজি ত্বোয়া-হা। মা---আন্যাল্না- 'আলায়কাল্ ক্বুর্-আনা লিতাশ্ক্বা-।

প্রফুল্লতার হিদায়ত।" ত্বা-হা, আমি অবতীর্ণ করিনি আপনার উপর কিতাব যাতে আপনি কষ্ট পান।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى يٰسٓ صَلٰوةً تَخُصُّنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়াসাল্লিম 'আলা- ইয়া-সী-ন সোয়া-লাতান্ তাখুস্সুনা-

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত 'ইয়াসীন'র প্রতি এমন দুরূদ, যার

بِهَا بِنِدَاءِ يَآئِهَا بِالْمُحَبَّةِ الرَّحْمَانِيَّةِ

বিহা- বিনিদা-ই ইয়া-ইহা- বিমুহাব্বাতির্ রাহ্মা-নিয়্যাতি

'ইয়া'র আহ্বানের মাধ্যমে আমাদেরকে বিশেষিত করবে রহমানী ভালবাসা

وَبِسِرِّ سِيْنِهَا فِيْ الْاَسْرَارِ الرَّبَّانِيَّةِ

ওয়া বাসির্রি সী-নিহা- ফী- আস্রা-রির্ রাব্বা-নিয়্যাতি

এবং যার 'সীন' এর রহস্য দ্বারা আমাদেরকে অংশীদার করবে রব্বানী রহস্যাদির।

يٰسٓ o وَالْقُرْاٰنِ الْحَكِيْمِ اِنَّكَ

ইয়া-সীন ওয়াল্ ক্বুর্আ-নিল্ হাকী-ম। ইন্নাকা

((ইয়াসীন এবং প্রজ্ঞাময় ক্বোরআনের শপথ! নিশ্চয় আপনি

لَمِنَ الْمُرْسَلِيْنَ عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ o

লামিনাল্ মুর্সালী-না 'আলা- সিরাত্বিম্ মুস্তাক্বী-ম।

প্রেরিতদের একজন, সঠিক পথের উপর প্রতিষ্ঠিত))*

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى مُزَّمِّلٍ صَلٰوةً تُزَمِّلُنَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- মুয্যাম্মিলিন্ সোয়ালা-তান্ তুযাম্মিলুনা-

হে আল্লাহ্! দুরূদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত মুয্যাম্মিল এর প্রতি এমন দুরূদ, যা দ্বারা তুমি আমাদেরকে

بِهَا مُزَمِّلًا مُّسَتِّرًا بِلُطْفِكَ الْخَفِيِّ الْخَفِيِّ الْخَفِيِّ

বিহা- মুয্যাম্মিলাম্ মুসাত্তিরাম্ বিলুত্বফিকাল্ খাফিয়্যিল্ খাফিয়্যিল্ খাফিফ্যিল্

চাদরাবৃত করবে পরিপূর্ণভাবে আস্থাদিত অবস্থায় তোমার গোপন ও সুক্ষ্ম থেকে সুক্ষ্মতর অনুগ্রহের মাধ্যমে, যা

الْخَفِيِّ بِالْمُوَحِّدِيْنَ بِتَزْمِيْلِ الْكَلِمَةِ يَآاَيُّهَا الْمُزَّمِّلُ

হাফিয়্যি বিল্ মুআহ্হিদী-না বিতায্মী-লিল্ কালিমাতি ইয়া- আইয়্যুহাল্ মুয্যাম্মিলু।

একত্ববাদীদের সাদরে অভ্যর্থনাকারী "হে চাদরাবৃত"-এ বাক্যের মধ্যে আবৃত করার মাধ্যমে।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى مُدَّثِّرٍ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা মুদ্দাস্সিরিম্ সোয়ালা-তান্

হে আল্লাহ্! দুরুদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত 'মুদ্দাস্সির'-এর প্রতি এমন দুরূদ, যার

* সূরা ইয়াসীন, আয়াত: ১-৪

تُدَثِّرُنَا بِهَا كِسَاءَ التَّئَيُّسِ وَالْمِثَالِ

তুদাস্সিরুনা- বিহা- কিসা-আত্ তাআইয়্যুসি ওয়াল্ মিসা-লি

মাধ্যমে তুমি আমাদেরকে আচ্ছাদিত করবে (তুমি ছাড়া অন্য সবার প্রতি) নিরাশ ও উপমার পোশাক দ্বারা।

يٰٓاَيُّهَا الْمُدَّثِّرُ ۙ قُمْ فَاَنْذِرْ ۙ

ইয়া- আইয়্যুহাল্ মুদ্দাস্সিরু কুম্ ফাআন্যির্।

((হে চাদরাবৃত! দাঁড়ান অতঃপর (মানুষদেরকে) সতর্ক করুন

وَرَبَّكَ فَكَبِّرْ ۙ وَثِيَابَكَ فَطَهِّرْ ۙ

ওয়া রাববাকা ফাকাবিবর। ওয়া সিয়া-বাকা ফাত্বাহ্হির।

এবং আপনার রবের মহত্ব বর্ণনা করুন, আর আপনার পোশাক পরিচ্ছদ পবিত্র করুন ।))*

* সূরা আল্-মুদ্দাস্সির, আয়াত: ১-৪

দ্বিতীয় হিয্‌ব

[মঙ্গলবারে পড়তে হবে]

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى مَاحٍ صَلٰوةً تَمْحُوْبِهَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- মা-হিন্ সোয়ালা-তান্ তাম্‌হূ- বিহা-

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো প্রিয়নবী হযরত 'মাহী' (পাপমোচনকারী)'র প্রতি এমন দুরূদ,

فِىْ اِدْرَاكِ كُنْهِ حَقِيْقَةِ ذَاتِكَ ذَوَاتَنَا يَمْحُو

ফী- ইদ্‌রা-কি কুন্‌হি হাক্বী-ক্বাতি যা-তিকা যাওয়া-তানা- ইয়াম্‌হূ

যা দ্বারা তোমার যাতে পাকের হাক্বীক্বতের রহস্য অনুধাবনের মাঝে নিশ্চিহ্ন করে দেবে আমাদের সত্ত্বাকে।

اللّٰهُ مَا يَشَآءُ وَيُثْبِتُ وَعِنْدَهٗ اُمُّ الْكِتَابِ o

ল্লা-হু মা- ইয়াশা-উ ওয়া ইয়ুস্‌বিতু ওয়া 'ইন্‌দাহূ- উম্মুল্ কিতা-ব।

((আল্লাহ্ তা'আলা নিশ্চিহ্ন করে দেন যা চান তা আর প্রতিষ্ঠিত রাখেন আর তাঁর নিকট সংরক্ষিত রয়েছে মূল কিতাব))

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى ذِى الْقِبْلَتَيْنِ صَلٰوةً

আল্লা-হুম্ম সল্লি ওয়া সাল্লিম 'আলা- যিল্ ক্বিব্‌লাতায়নি সোয়ালা-তান্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো উভয় ক্বেবলার মালিকের প্রতি এমন দুরূদ,

تُقَلِّبُنَا بِهَا مِنْ قِبْلَةِ الْقَلْبَيْنِ وَكَعْبَةِ الْقِبْلَتَيْنِ اِلٰى

তুক্বাল্লিবুনা- বিহা- মিন্ ক্বিব্‌লাতিল্ ক্বাল্‌বায়নি ওয়া কা'বাতিল্ ক্বিব্‌লাতায়নি ইলা-

যার মাধ্যমে তুমি আমাদেরকে ফিরিয়ে দেবে উভয় ক্বলবের ক্বেবলা ও উভয় ক্বেবলার কা'বা থেকে ওই ক্বেবলার দিকে,

قِبْلَةٍ تَرْضٰهَا فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ ط

ক্বিব্‌লাতিন্ তারদ্বা-হা- ফাওয়াল্লি ওয়াজ্‌হাকা শাত্বরাল্ মাস্‌জিদিল্ হারা-মি।

যার প্রতি আপনি সন্তুষ্ট। ((সুতরাং ফিরিয়ে নিন আপনার চেহারা মুবারককে মসজিদে হারাম তথা কা'বা শরীফের দিকে।))

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى ذِى قُوَّةٍ تُقَوِّىْ بِهَا

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- যী- ক্বুওয়্যাতিন্ সোয়ালা-তান্ তুক্বাভ্‌ভী- বিহা-

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো শক্তির অধিকারীর প্রতি এমন দুরূদ,

صِمَمَنَا عَلَى الْاِسْتِقَامَةِ فِى اللّٰهِ

সিমামানা- 'আলাল্ ইস্‌তিক্বা-মাতি ফিল্লা-হি

যার মাধ্যমে তুমি দৃঢ় ও মজবুত করে দেবে আমাদের ছিপিগুলোকে আল্লাহ তা'আলার উপর অটল থাকার মাঝে,

اِنَّ اللّٰهَ هُوَ الرَّزَّاقُ ذُوالْقُوَّةِ الْمَتِيْنِ o

ইন্নাল্লা-হা হুয়ার্ রায্‌যা-ক্বু যুল্ ক্বুওয়াতিল্ মাতী-ন।

নিশ্চয় আল্লাহ্ তা'আলা, তিনি একমাত্র রিয্‌ক্বদাতা সুদৃঢ় শক্তির মালিক।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى ذِىْ حُرْمَةٍ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- যী- হুর্‌মাতিন্ সোয়ালা-তান্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো সম্মানের মালিকের প্রতি এমন দুরূদ

تُحْرِمُنَا بِهَا بِحُرُمَاتِ قُرْبِكَ عَنْ قُرُبَاتِ بُعْدِكَ

তুহ্‌রিমুনা- বিহা- বিহুরুমা-তি ক্বুর্‌বিকা 'আন্ ক্বুরুবা-তি বু'দিকা

যার মাধ্যমে তুমি আমাদেরকে সম্মানিত করবে তোমার নৈকট্যের সম্মান দ্বারা তোমার বিরহের নিকটবর্তী হওয়া থেকে দূরে রাখার মাধ্যমে

فِیْ جِهَادِ النَّفْسِ وَالْحُرُمَاتُ قِصَاصٌ ط

ফী- জিহা-দিন্ নাফ্সি ওয়াল্হুরুমা-তু ক্বিসোয়া-স্।

কুপ্রবৃত্তির বিরুদ্ধে জেহাদের ক্ষেত্রে "আর সম্মানিত ও নিষিদ্ধ বিষয়াদি লংঘনে রয়েছে ক্বেসাস।" (একই ধরনের শাস্তি)।

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى ذِىْ مَكَانَةٍ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- যী- মাকা-নাতিন্ সোয়ালা-তান্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো মহাসম্মানিত স্থানের অধিকারীর প্রতি এমন

تَرْفَعُ بِهَا دَرَجَاتِنَا وَتُبَلِّغُ بِهَا حُجَّتَنَا

তার্ফা'উ বিহা- দারাজা-তিনা- ওয়া তুবাল্লিজু বিহা- হুজ্জাতানা-

দুরূদ, যার মাধ্যমে উন্নীত করবে আমাদের মর্যাদার দিকে এবং সুস্পষ্ট করবে আমাদের

وَتُفَلِّجُ بِهَا قُرْبَتَنَا وَتُفَرِّجُ بِهَا غُرْبَتَنَا اِلٰى

ওয়া তুফাল্লিজু বিহা- ক্বুর্বাতানা- ওয়া তুফার্রিজু বিহা- গুর্বাতানা- ইলা-

প্রমাণাদি আর প্রসারিত করবে আমাদের নৈকট্যকে এবং দূরীভূত করবে আমাদের

يَوْمَ يُنَادِى الْمُنَادِىْ مِنْ مَّكَانٍ قَرِيْبٍ o

ইয়াউমা ইয়ুনা-দিল মুনা-দী- মিম্ মাকা-নিন্ ক্বারী-ব।

একাক্বীত্বকে "ওই দিন যেদিন আহ্বানকারী আহ্বান করবে খুবই নিটকতম স্থান থেকে।"

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى ذِىْ عِزٍّ صَلٰوةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- যী- 'ইয্যি সোয়ালা-তান্

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো মহাসম্মানের মালিকের প্রতি এমন দুরূদ,

تُعِزُّنَا بِهَا بِعِزِّ جَلَالِكَ وَبِجَلَالِ عِزَّتِكَ

তু'ইয্যুনা- বিহা- বি'ইয্যি জালা-লিকা ওয়া বিজালা-লি 'ইয্যাতিকা

যার মাধ্যমে তুমি আমাদেরকে সম্মানিত করবে তোমার মহত্ত্বের সম্মান এবং তোমার সম্মানের মহত্ব,

وَجَمَالِ عَظْمَتِكَ وَعَظْمَةِ جَمَالِكَ وَكَمَالِ قُدْرَتِكَ

ওয়া জামা-লি 'আয্মাতিকা ওয়া 'আযমাতি জামা-লিকা ওয়া কামা-লি ক্বুদ্রাতিকা

তোমার মহত্ত্বের শোভা এবং তোমার শোভার মহত্ব আর তোমার ক্বুদরতের পূর্ণতা

وَقُدْرَةِ كَمَالِكَ ط اِنَّ الْعِزَّةَ لِلّٰهِ جَمِيْعًا o

ওয়া ক্বুদ্রাতি কামা-লিক-। ইন্নাল্ 'ইয্যাতা লিল্লা-হি জামী-'আন।

এবং তোমার পূর্ণতার ক্বুদরতের বরকত দ্বারা। "নিশ্চয় সকল মর্যাদা-সম্মান একমাত্র আল্লাহ তা'আলার জন্যই।"

اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى ذِىْ فَضْلٍ صَلَاةً

আল্লা-হুম্মা সল্লি ওয়া সাল্লিম 'আলা- যী- ফাদ্বলিন সোয়ালা-তান

হে আল্লাহ! দুরূদ ও সালাম প্রেরণ করো দয়া-অনুগ্রহের মালিকের প্রতি এমন দুরূদ,

تُفَضِّلُنَا بِهَا بِفَضِيْلَةِ اِلْهَامِ فَضْلِ

তাফ্দ্বুলুনা- বিহা- বিফাদ্বী-লাতি ইল্হা-মি ফাদ্বলি

যার মাধ্যমে তুমি আমাদের প্রতি করুণা ও অনুকম্পা করবে তোমার মহত্ত্বের অনুকম্পার ইলহামের ফযীলত দ্বারা,

